

💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৮৭: সর্বপ্রথম এবং সর্বশেষ রাসূল কে? নবীগণের পরে সর্বোত্তম মানুষ কে?

সর্বপ্রথম রাসূল হলেন, নূহ আলাইহিস সালাম এবং সর্বশেষ রাসূল হলেন, মুহাম্মাদ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম। নবীগণের পরে সর্বোত্তম মানুষ হলেন, ছাহাবায়ে কেরাম (রাদিয়াল্লাহু 'আনহুম)। তাঁদের মধ্যে সর্বোত্তম হলেন, আবু বকর (রাদিয়াল্লাহু 'আনহু), অতঃপর ওমর (রাদিয়াল্লাহু 'আনহু), অতঃপর উছমান (রাদিয়াল্লাহু 'আনহু), অতঃপর আলী (রাদিয়াল্লাহু 'আনহু), অতঃপর অন্যান্য সাহাবী (রাদিয়াল্লাহু 'আনহুম)।

ছাহাবায়ে কেরাম (রাদিয়াল্লাহু 'আনহুম) সবাই চার খলীফার খেলাফতে সম্ভুষ্ট ছিলেন। ছাহাবায়ে কেরাম (রাদিয়াল্লাহু 'আনহুম) পরস্পর পরস্পরকে ভালবাসতেন। সে কারণে আলী (রাদিয়াল্লাহু 'আনহু) তিন খলীফার নামানুসারে তাঁর তিন সন্তানের নাম আবূ বকর, ওমর এবং উছমান রাখেন। যে ব্যক্তি বলে যে, ছাহাবায়ে কেরাম (রাদিয়াল্লাহু 'আনহুম) রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর পরিবারের মুমিনগণকে ভালবাসতেন না, সে মিথ্যা বলে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1571

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন